

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৪৭]

১৬। <u>হজ্জ</u> (حاب الحج)

পরিচ্ছেদঃ ৭৮. মুশরিকরা বায়তুল্লাষ্য হজ্জ করবে না, উলঙ্গ অবস্থায় আল্লাহর ঘর ত্বওয়াফ করবে না এবং হজ্জের বড় দিনের বর্ণনা

باب لاَ يَحُجُّ الْبَيْتَ مُشْرِكٌ وَلاَ يَطُوفُ بِالْبَيْتِ عُرْيَانٌ وَبَيَانُ يَوْمِ الْحَجِّ الأَكْبَبر

#### আরবী

حَدَّتَنِي هَارُونُ بْنُ سَعِيدٍ الْأَيْلِيُّ، حَدَّتَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، ح. وَحَدَّتَنِي حَرْمَلَةُ بْنُ يَحْيَى التُّجِيبِيُّ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ، أَنَّ ابْنَ شِهَابٍ، أَخْبَرَهُ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ، ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ، أَنَّ ابْنَ شِهَابٍ، أَخْبَرَهُ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ بَعَتَنِي أَبُو بَكْرٍ الصِّدِيقُ فِي الْحَجَّةِ الَّتِي أَمَّرَهُ عَلَيْهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَبْلَ حَجَّةِ الْوَدَاعِ فِي رَهْطٍ يُؤَذِّنُونَ فِي النَّاسِ يَوْمَ النَّحْرِ لاَ يَحُجُّ بَعْدَ الله عليه وسلم قَبْلَ حَجَّةِ الْوَدَاعِ فِي رَهْطٍ يُؤَذِّنُونَ فِي النَّاسِ يَوْمَ النَّحْرِ لاَ يَحُجُّ بَعْدَ الله عليه وسلم قَبْلَ حَجَّةِ الْوَدَاعِ فِي رَهْطٍ يُؤَذِّنُونَ فِي النَّاسِ يَوْمَ النَّحْرِ لاَ يَحُجُّ بَعْدَ الرَّحْمَنِ الْعَامِ مُشْرِكٌ وَلاَ يَطُوفُ بِالْبَيْتِ عُرْيَانٌ . قَالَ ابْنُ شِهَابٍ فَكَانَ حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْعَامِ مُشْرِكٌ وَلاَ يَطُوفُ بِالْبَيْتِ عُرْيَانٌ . قَالَ ابْنُ شِهَابٍ فَكَانَ حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ يَقُولُ يَوْمُ النَّحْرِ يَوْمُ الْحَجِّ الْأَكْبَرِ . مِنْ أَجْلِ حَدِيثِ أَبِي هُرَيْرَةَ .

#### বাংলা

৩১৭৮-(৪৩৫/১৩৪৭) হারান ইবনু সাঈদ আল আয়লী (রহঃ) ..... আবূ হুরায়রাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, বিদায় হজ্জের পূর্ববতী (বছরের) যে হাজ্জে (হজ্জে/হজে) রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর সিদীক (রাযিঃ) কে আমীর নিয়োগ করেছিলেন, সে হাজ্জের (হজ্জের/হজের) সময় তিনি (আবূ বকর) আমাকে সহ একদল লোকদের কুরবানীর দিন জনগণের মধ্যে নিম্নোক্ত ঘোষণা দেয়ার জন্য পাঠালেনঃ "এ বছরের পর মুশরিকরা আর হাজ্জ (হজ্জ/হজ) করতে পারবে না এবং উলঙ্গ অবস্থায় আল্লাহর ঘর তৃওয়াফ (তাওয়াফ/তওয়াফ) করবে না।"

ইবনু শিহাব (রহঃ) বলেন, আবূ হুরায়রাহ (রাযিঃ) এর এ হাদীস অনুযায়ী হুমায়দ ইবনু আবদুর রহমান বলতেন-"মহান হাজ্জের (হজ্জের/হজের) দিন হচ্ছে এ কুরবানীর দিন"\* (ইসলামিক ফাউন্ডেশন ৩১৫৩, ইসলামীক সেন্টার ৩১৫০)

## **English**



Abu Huraira (Allah be pleased with him) reported:

Abu Bakr Siddiq (Allah be pleased with him) sent me during Hajj before the Farewell Pilgrimage for which Allah's Messenger () had appointed him an Amir, among a group of people whom he had ordered to make announcement to the people on the Day of Nahr: After this year no polytheist may perform the Pilgrimage and no naked person may circumambulate the House. Ibn Shihab stated that Humaid b. Abd al-Rahman said that according to this narration of Abu Huraira (Allah be pleased with him) the day of Hajj al-Akbar (Great Hajj) is this Day of Nahr (10th of Dhu'l-Hijja).

### ফুটনোট

\* কুরআন হাদীস থেকে প্রমাণিত যে, কুরবানীর দিনই হল يَوْمُ الْحَجِّ الْأَكْبَرِ (ইয়াওমুল হাজ্জিল আকবর) সাধারণ লোকের মধ্যে প্রসিদ্ধ যে, আরাফার দিন জুমুআহ হল সেটাই হাজ্জ (হজ্জ/হজ) আকবার, এটা শয়তান তাদেরকে বাতলে দিয়েছে। এর পক্ষে কুরআন হাদীসের কোন দলীল নেই। এ ব্যাপারে ইমামদের মাঝে মতভেদ আছে, ইমাম মালিক, শাফিঈ ও জমহুর (অধিকাংশ) আলিমের মতে এটা কুরবানীর দিন। আর কতকের মতে হাজ্জে (হজ্জে/হজে) আসগার হল উমরাহ্ এবং হাজ্জে আকবার হল হাজ্জ (হজ্জ/হজ) করা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন